কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের প্রতিবাদ সমাবেশ

বিএনপি-জামায়াতের দেশবিরোধী ষড়যন্ত্র-নৈরাজ্যের প্রতিবাদে বিক্ষোভ প্রতিবাদ সমাবেশ করেছে কুষ্টিয়া জেলা শ্রমিক লীগ।

গতকাল সোমবার সন্ধ্যায় জেলা শ্রমিক লীগের অস্থায়ী কার্যালয়ে বিক্ষোভ প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান।

জেলা শ্রমিক লীগের সহ-সভাপতি হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্টিত সভায় বক্তব্য রাখেন জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মুসা আলী খান, শাহিনুল ইসলাম, রাশেদুল ইসলাম, সাদ্দাম, সাংগঠনিক সম্পাদক মাহি বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, শহর শ্রমিক লীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপন, সমাজ কল্যাণ সম্পাদক খোমিনী আহাম্মদ, জেলা যুব শ্রমিকলীগের আহ্বায়ক রবিউল ইসলাম, যুগ্ম সম্পাদক সজল হোসেন, ফকির আলাউদ্দিন, মোঃ আরিফ হোসেন, সৈকত হোসেন, মোঃ মহাসিন রেজাসহ অন্যান্য নেতৃবৃন্দ।

এসব সমাবেশে নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নকে বাধাগ্রস্থ করতে রাজধানীসহ সারাদেশে কোটা আন্দোলনের নামে বিএনপি-জামায়াত নৈরাজ্যের সৃষ্টি করেছে। আওয়ামী লীগ সরকারকে উৎখাত করতে বিএনপি-জামায়াত ষড়যন্ত্র করে যাচ্ছে।

বক্তারা বলেন, ২১ জুলাই আপিল বিভাগ যখন কোটা সংস্কার করে রায় দিলেন- দেশবাসী ভেবেছিলেন আন্দোলনের আর প্রয়োজন হবে না। কোটা সংস্কার নিয়ে ছাত্রদের যা প্রত্যাশা ছিল তার চেয়ে বেশি দেওয়া হয়েছে। কিন্তু এরপর নতুন মাত্রায় সহিংসতা শুরু হলো। কারণ বিএনপি-জামায়াত সরকার পতনের একদফা দাবি বাস্তবায়নে কৌশলে ছাত্রদের পেছনে অবস্থান নিলো।

বক্তারা আরও বলেন, দেশব্যাপী জামাত-বিএনপি’র সন্ত্রাসীরা যেভাবে বর্বরতা নারকীয় হত্যাকাণ্ড ঘটিয়েছে তা মানব ইতিহাসের কলঙ্ক অধ্যায় সৃষ্টি করেছে। দেশীয় এবং বিদেশি ষড়যন্ত্রের মাধ্যমে সারাদেশে বিএনপি নৈরাজ্য সৃষ্টি করে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানগুলোকে আগুনে জ্বালিয়ে ধ্বংস করেছে এই সমস্ত

সন্ত্রাসীদের বিরুদ্ধে জেলা শ্রমিকলীগ ঐক্যবদ্ধভাবে দেশবাসীকে সাথে নিয়ে এদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।

কুষ্টিয়ায় অসুস্থ শহর শ্রমিক লীগের সভাপতি পাশে জেলা শ্রমিক লীগের নেতারা

অসুস্থ হয়ে নিজ বাড়ীতে চিকিৎসাধীন কুষ্টিয়া শহর শ্রমিক লীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপনকে দেখতে গেছেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান।

আজ মঙ্গলবার সন্ধ্যায় শহরের জিকে এলাকার বাসায় শ্রমিকলীগের নেতারা এই নেতার শরীরের অবস্থা এবং চিকিৎসার খোঁজখবর নেন। তারা অসুস্থ এই নেতার দ্রুত আরোগ্য কামনা করেন।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দেওয়ান মাসুদুর রহমান স্বপন বেশ কিছুদিন ধরে শারীরীক জটিলতাসহ বিভিন্ন রোগে শোকে ভুগছিলেন।

এসময় মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মেহেরুন্নেসা বিউটি, জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, সাংগঠনিক সম্পাদক ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, জেলা শ্রমিক লীগের সমাজ কল্যাণ সম্পাদক ও শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন, সহ ক্রিড়া সম্পাদক শফিকুল ইসলাম, জেলা যুব শ্রমিক লীগের সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন, সহ-সমাজ কল্যাণ সম্পাদক খামিনি আহমেদ, নির্বাহী সদস্য আসাদুল হক সহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান বলেন, তাঁর

সুস্থতার জন্য কুষ্টিয়াবাসীর সকলের কাছে দোয়া চেয়েছেন। যাতে করে আল্লাহ তাকে দ্রুত সুস্থতা দান করেন।